

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮১০০.০১৭.২৭.০০১.১৬. ২৪৭

তারিখ : ১১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ।  
২৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ।

বিষয় : রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার জিউপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ রুহুল আমিন এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, রাজশাহী কার্যালয়ের স্মারক নং-১৯, তারিখঃ ২২/০১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার জিউপাড়া ইউপি চেয়ারম্যান জনাব মোঃ রুহুল আমিন পর পর ইউনিয়ন পরিষদের ৪(চার)টি মাসিক সভায় অনুপস্থিত থাকা এবং উক্ত চেয়ারম্যানের বিরুদ্ধে পুঠিয়া থানায় দায়েরকৃত ফৌজদারী মামলা নম্বর-৫, তারিখঃ ০৭/০১/২০১৫ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালতে গৃহীত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৫) এর বিধান অনুযায়ী কেন তাকে জিউপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ রুহুল আমিন  
চেয়ারম্যান  
জিউপাড়া ইউনিয়ন পরিষদ  
পুঠিয়া, রাজশাহী।

অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, রাজশাহী (উল্লিখিত চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক চেয়ারম্যানের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।